

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯৮৪

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৪৮. যে ব্যক্তি লোকেদের ইমামতি করে সে যেন (সালাত) সহজ (সংক্ষিপ্ত) করে।

بَابِ مَنْ أُمَّ قَوْمًا فَلْيُخَفِّفْ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، عَنْ قَيْسٍ، عَنْ أَبِي مَسْعُود، قَالَ أَتَى النَّبِيَّ - صلى الله عليه وسلم - رَجُلُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي لأَتَأْخَّرُ فِي صَلَاةِ الْغَدَاةِ مِنْ أَجْلِ فُلاَنٍ لِمَا يُطِيلُ بِنَا فِيهَا . قَالَ فَمَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ - صلى الله عليه وسلم - قَطُّ فِي مَوْعِظَةٍ أَشَدَّ غَضَبًا مِنْهُ يَوْمَئِذٍ " يَا أَيُّهَا النَّاسُ إِنَّ مِنْكُمْ مُنَفِّرِينَ فَأَيُّكُمْ مَا صَلَّى بِالنَّاسِ فَلْيُجَوِّزْ فَإِنَّ فِيهِمُ الضَعِيفَ وَالْكَبِيرَ وَذَا الْحَاجَةِ " .

#### বাংলা

১/৯৮৪। আবূ মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যাক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট উপস্থিত হয়ে বললো, হে আল্লাহ্র রাসূল! আমি ফজরের সালাতের জামাআতে অমুকের কারণে দেরীতে উপস্থিত হই। কারণ তিনি আমাদের সালাতে দীর্ঘ কিরাআত পড়েন। রাবী বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সে দিনের চাইতে আর কোন দিন অধিক রাগান্বিত হয়ে খুতবাহ দিতে দেখিনিঃ হে লোকসকল! তোমাদের মধ্যে লোকেদের ঘৃণা উদ্রেককারী ব্যাক্তিও আছে। অতএব তোমাদের কেউ যখন লোকেদের নিয়ে সালাত পড়ে তখন সে যেন সংক্ষিপ্ত কিরাআত পড়ে। কেননা তাদের মধ্যে দুর্বল, বৃদ্ধ ও কর্মব্যস্ত লোকও রয়েছে।

### **English**

It was narrated that Abu Mas'ud said:

"A man came to the Prophet (ﷺ) and said: 'O Messenger of Allah! I stay behind and do not perform the morning prayer (in congregation) because of so-and-so, for he makes it too long for us.' I never saw the Messenger of Allah (ﷺ) preaching with such anger as he did that day. He said; 'O people! There are among you those who repel others. Whoever among you leads



others in prayer, let him keep it short, for among them are those who are weak and elderly, and those who have pressing needs."

## ফুটনোট

তাখরীজ কুতুরুত সিত্তাহ: বুখারী ৯০, ৭০২, ৭০৪, ৬১১০, ৭১৫৯; মুসলিম ৪৬৬, আহমাদ ১৬৬১৭, ১৬৬২৯; দারিমী ১২৫৯।

তাহ্কীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ৭০৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন